***SOUTH ASIAN WOMEN'S AND IMMIGRANTS' SERVICES***

*"If the women move forward, the whole community moves forward"*
*108-10 Teesdale Place, Toronto, ON, M1L 1K9| 416-686-0701*
*sawro.office@gmail.com | www.sawro.org*

# **Bill C-12** গৃহীত হওয়ার বিষয়ে বিবৃতি: কানাডায় অধিকার ও অন্তর্ভুক্তির জন্য লড়াইয়ের একটি নতুন অধ্যায়

## **April 6, 2026**

### **SAWIS** সম্পর্কে

South Asian Women's and Immigrants' Services (SAWIS) একটি কমিউনিটি-ভিত্তিক, নারী-নেতৃত্বাধীন সংগঠন, যা ২০০৮ সাল থেকে টরন্টোর ওকরিজ, টেইলর-ম্যাসি এবং আশেপাশের ইস্ট-ড্যানফোর্থ এলাকায় সেবা ও সামাজিক কর্মসূচি পরিচালনা করছে। এই এলাকাগুলোতে বাংলাদেশ থেকে আসা অনেক অভিবাসী, শরণার্থী ও নতুন আসা নারী ও পরিবার বাস করে। কানাডায় আসার পর অনেক পরিবার তাদের সামাজিক, অর্থনৈতিক ও নাগরিক জীবনে সম্পূর্ণভাবে অংশ নিতে নানা বড় সমস্যার মুখোমুখি হয়।

### **Bill C-12** সম্পর্কে

আমরা অভিবাসীদের সাথে কাজ করি, যার মধ্যে অস্থায়ী বা অনিশ্চিত অবস্থায় থাকা পরিবারও আছে, যেমন আন্তর্জাতিক শিক্ষার্থী ও শরণার্থী আবেদনকারী। আমরা Bill C-12 – "Strengthening Canada's Immigration System and Borders Act" এর বিরোধিতা করি। এই বিলটি প্রথমে জুন ২০২৫-এ Bill C-2 হিসেবে প্রস্তাব করা হয়েছিল। পরে ২৬ মার্চ, ২০২৬ তারিখে এটি চূড়ান্তভাবে পাস হয়ে আইনে পরিণত হয়েছে। Bill C-12 পাস হওয়ার ফলে যেসব পরিবর্তন আসবে:

১**) IRCC-**মন্ত্রণালয়  ক্ষমতা বৃদ্ধি**:**
IRCC-মন্ত্রীপর্যায়ের এখন অনেক বেশি ক্ষমতা পাবে, যার মাধ্যমে  একসাথে অনেক মানুষের ইমিগ্রেশন ডকুমেন্ট বা আবেদন বাতিল করতে পারবে (যেমন স্থায়ী/অস্থায়ী ভিসা, ওয়ার্ক পারমিট, স্টাডি পারমিট)।

২**)** প্রশাসনিক সিদ্ধান্ত বাড়ানো**:**
শরণার্থী আবেদনগুলো এখন Immigration and Refugee Board (IRB) দ্বারা আগেই যাচাই করা হবে, মৌখিক শুনানির আগে। যদি আবেদন শর্ত পূরণ না করে, তাহলে তা Pre-Removal Risk Assessment (PRRA)-তে পাঠানো হবে, যা বহিষ্কারের আগের শেষ ধাপ।

৩**)** মৌখিক শুনানির সীমাবদ্ধতা**:**
নিচের ক্ষেত্রে অভিবাসীরা শরণার্থী আবেদন করতে পারবে না:

- কানাডায় প্রথম আসার পর এক বছরের বেশি সময় পার হলে
- স্থল সীমান্ত পার হওয়ার ১৪ দিন বা তার বেশি পরে আবেদন করলে

<u>এই নতুন নিয়মগুলো ২ জুন, ২০২৫ এর পর কানাডায় আসা বা শরণার্থী আবেদন করা সব মানুষের জন্য প্রযোজ্য হবে।</u>

### সমস্যাটি কী**?**

Bill C-2 হিসেবে প্রথম প্রস্তাব করার পর থেকেই, SAWIS কমিউনিটির নারী ও তরুণদের সাথে এই নতুন পরিবর্তনগুলো নিয়ে আলোচনা ও বিশ্লেষণ করেছে। এরা সবাই অভিবাসী হিসেবে কানাডায় এসেছে, নিজেদের এবং পরিবারের জন্য নিরাপদ ও স্থিতিশীল জীবন গড়তে।

আমাদের সবার মতামত থেকে দেখা যায়, <u>এই নতুন ইমিগ্রেশন নীতিগুলো একটি ঝুঁকিপূর্ণ দৃষ্টান্ত তৈরি করছে, যেখানে 'জনস্বার্থ'কে ভুলভাবে অভিবাসীদের অধিকার ও কানাডায় তাদের থাকার অধিকার থেকে আলাদা করে দেখা হচ্ছে</u>।

COVID-19 মহামারির সময়, মিডিয়া ও সরকারের অনেক আলোচনায় ভুলভাবে অভিবাসনকে জীবনযাত্রার খরচ ও অন্যান্য সামাজিক সমস্যার সাথে যুক্ত করা হয়েছে। কিন্তু এই সমস্যাগুলো অনেক আগে থেকেই ছিল, এবং অভিবাসীরাই এর সবচেয়ে বেশি ক্ষতির শিকার হয়েছে। মূল সমস্যাগুলো যেমন—আবাসনে মুনাফা করা, স্বাস্থ্যসেবার মতো গুরুত্বপূর্ণ খাতে কম অর্থায়ন, এবং কড়া ব্যয় কমানোর নীতি—এসব সমাধান না করে দোষ অভিবাসীদের ওপর চাপানো হচ্ছে।

Bill C-12 এই ধরনের উদ্বেগজনক প্রবণতারই একটি উদাহরণ, যেখানে সামাজিক ও অর্থনৈতিক সমস্যায় বেশি ক্ষতিগ্রস্ত মানুষের ওপরই কঠোর নীতি প্রয়োগ করা হচ্ছে। আমাদের আলোচনায় কমিউনিটির নারীরা এই নতুন নিয়মগুলো নিয়ে যেসব উদ্বেগ প্রকাশ করেছেন, সেগুলো হলো:

1) কানাডা ও আন্তর্জাতিক মানবাধিকার আইনের সাথে অসামঞ্জস্য
   এই বিলের কিছু নিয়ম আন্তর্জাতিক মানবাধিকার আইনের একটি গুরুত্বপূর্ণ নীতি—"non-refoulement"—এর বিরুদ্ধে যায়। এই নীতি অনুযায়ী, কোনো ব্যক্তিকে এমন দেশে ফেরত পাঠানো যাবে না, যেখানে সে বিপদে পড়তে পারে বা নির্যাতনের শিকার হতে পারে, তার ইমিগ্রেশন স্ট্যাটাস যাই হোক না কেন। Bill C-12 এই বিষয়টি ঠিকভাবে বিবেচনা করে না যে একজন মানুষের পরিস্থিতি সময়ের সাথে পরিবর্তিত হতে পারে।

এই বিল শরণার্থী আবেদনকারীদের জন্য স্বাধীন ও ন্যায্য বিচার পাওয়ার সুযোগও কমিয়ে দেয়। যারা IRB-তে শুনানির জন্য অযোগ্য হবে, তাদের PRRA প্রক্রিয়ায় পাঠানো হবে। PRRA একটি কাগজভিত্তিক প্রক্রিয়া, যা শুধু বিশেষ ক্ষেত্রে ব্যবহার করার কথা এবং দ্রুত সিদ্ধান্তের জন্য তৈরি—গভীরভাবে বিচার করার জন্য নয়। কিন্তু এখন এটি পূর্ণ শুনানির বিকল্প হিসেবে ব্যবহার করা হবে।

এর ফলে ন্যায্য বিচার পাওয়ার সুযোগ কমে যাবে। অনেক সমালোচক PRRA-কে "সম্পূর্ণ অপ্রতুল" বলেছেন, কারণ এতে গুরুত্বপূর্ণ সুরক্ষা নেই, যেমন সরাসরি শুনানির সুযোগ এবং বিষয়টি মূল্যায়নের জন্য বিশেষজ্ঞ জ্ঞান। এতে ভুল হওয়ার সম্ভাবনাও বেশি, যা ন্যায়বিচারকে দুর্বল করে।

2) ঝুঁকিতে থাকা অভিবাসীদের জন্য দরজা বন্ধ করা
Bill C-12-এ সময়সীমাকে কঠোরভাবে ব্যবহার করা হয়েছে। এক বছরের সীমা বাস্তব পরিস্থিতিকে উপেক্ষা করে—যেমন অর্থনৈতিক, সামাজিক, মানবিক ও পরিবেশগত সংকট, যা সবসময় পরিবর্তিত হচ্ছে। এই পরিস্থিতিগুলো অনেক অস্থায়ী অভিবাসীর (যেমন বিদেশি শ্রমিক, আন্তর্জাতিক শিক্ষার্থী) জন্য নিজ দেশে ফিরে যাওয়া কঠিন করে তোলে।

অনেক ঝুঁকিতে থাকা মানুষ—যেমন লিঙ্গভিত্তিক সহিংসতার শিকার, যুদ্ধের শিকার বা সরকারি নির্যাতনের শিকার—তাদের নিয়ন্ত্রণের বাইরে থাকা কারণে সময়মতো আবেদন করতে পারে না (যেমন মানসিক আঘাত, কাগজপত্রের অভাব, ভয়, ভাষার সমস্যা, আইনি সহায়তার অভাব ইত্যাদি)। শুনানির সুযোগ না থাকলে বিচারক ও আইনজীবীরা পুরো বিষয়টি বুঝতে পারেন না, যা এসব মানুষকে আরও ঝুঁকিতে ফেলে—এমনকি মৃত্যু পর্যন্ত হতে পারে।

3) অগণতান্ত্রিক ক্ষমতা বৃদ্ধি
Bill C-12 মন্ত্রী ও কিছু প্রশাসকের হাতে অনেক বেশি ক্ষমতা দেয়, যা অগণতান্ত্রিক আচরণকে বাড়াতে পারে। এতে ন্যায্য প্রক্রিয়া, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিয়ে বড় প্রশ্ন ওঠে।

নতুন নিয়ম অনুযায়ী, মন্ত্রী চাইলে ইমিগ্রেশন ডকুমেন্ট বাতিল, স্থগিত বা পরিবর্তন করতে পারবেন, নতুন আবেদন বন্ধ করতে পারবেন, এমনকি চলমান আবেদনও বন্ধ করতে পারবেন যদি তা "জনস্বার্থে" প্রয়োজন বলে মনে হয়। এই ক্ষমতাগুলো খুব বিস্তৃত এবং এতে কোনো স্পষ্ট সুরক্ষা নেই, যা কিছু মানুষের প্রতি অন্যায় আচরণ বা বৈষম্য তৈরি করতে পারে।

এই বিল ব্যক্তিগত তথ্য বিভিন্ন সংস্থা বা বিদেশি সংস্থার সাথে ভাগ করার অনুমতিও দেয়। এতে নতুন অভিবাসীদের তথ্য সুরক্ষা দুর্বল হতে পারে, যা তাদের নিরাপত্তাকে ঝুঁকিতে ফেলতে পারে—কানাডায় বা তাদের নিজ দেশে ফেরত গেলে।

আমাদের কমিউনিটিকে সহায়তা করা

SAWIS-এর অনেক কর্মী, স্বেচ্ছাসেবক এবং সেবা গ্রহণকারীরা এই নতুন পরিবর্তনগুলো নিয়ে অনেক অনিশ্চয়তা ও দুশ্চিন্তা প্রকাশ করেছেন। SAWIS আমাদের কমিউনিটির সাথে কাজ চালিয়ে যাওয়ার প্রতিশ্রুতি দিচ্ছে, যাতে এই পরিবর্তনের কারণে প্রভাবিত পরিবারগুলোকে কীভাবে সহায়তা করা যায় তা বোঝা যায়।

SAWIS সব সময় চেষ্টা করছে কমিউনিটির মানুষদের প্রয়োজনীয় সেবা ও তথ্যের সাথে যুক্ত করতে, যাতে তারা কানাডায় আরও নিরাপদ ও স্থিতিশীলভাবে থাকতে পারে। যারা Bill C-12 বা আইনি সহায়তা সম্পর্কে আরও জানতে চান, তাদের জন্য নিচের তথ্যগুলো একটি ভালো শুরু হতে পারে:

1) **C-12 Is Now Law – Find out how you are affected.**
A step-by-step guide explaining how Canada's new immigration law (Bill C-12) affects refugee claims, including eligibility rules and key deadlines.
https://migrantrights.ca/c12islaw/

2) **Legal Aid Ontario – Find affordable representation**
Financial aid for low-income individuals/families requiring legal services and representation regarding refugee, housing, income support, and other areas of law.
https://www.legalaid.on.ca/

3) **Steps to Justice**
A step-by-step guide to understanding Refugee and other areas of law.
https://stepstojustice.ca/legal-topic/refugee-law/

কমিউনিটির মানুষদের প্রয়োজনীয় সেবার সাথে যুক্ত করার পাশাপাশি, SAWIS টরন্টোর অন্যান্য প্রভাবিত কমিউনিটির সাথে একসাথে কাজ চালিয়ে যাবে, যাতে ন্যায্য ইমিগ্রেশন পরিবর্তনের জন্য দাবি জানানো যায়। এই কাজ একা করা সম্ভব নয়—SAWIS আইনি ক্লিনিক, নির্বাচিত প্রতিনিধি এবং বিভিন্ন সামাজিক সংগঠনের সাথে কাজ করবে, যাতে প্রভাবিত মানুষরা তাদের সমস্যাগুলো তুলে ধরার সুযোগ পায়।

*Statement from the South Asian Women's and Immigrants' Service (SAWIS)*
*Statement on the adoption of Bill C -12: A new era of fighting for belonging and rights in Canada*

SAWIS সকল স্তরের নির্বাচিত প্রতিনিধি, নীতি নির্ধারক এবং সামাজিক সংগঠনগুলোর প্রতি আহ্বান জানাচ্ছে, যাতে তারা তাদের সিদ্ধান্ত পরিবর্তন করে এবং অভিবাসী কমিউনিটির পক্ষ থেকে দেওয়া জরুরি সুপারিশগুলো গ্রহণ করে। এই জরুরি সুপারিশগুলো নিচে দেওয়া হলো:

| **COMMUNITY WOMEN DEMAND EQUITABLE IMMIGRATION POLICY!**<br>**A list of urgent reforms required to address the new vulnerabilities created by BILL C-12** | | |
|---|---|---|
| **At the city level…** | **At the provincial level…** | **At the federal level…** |
| • 'Sanctuary Cities' (বা "Access TO" নীতি) আবার পর্যালোচনা করে শক্তিশালী করতে হবে, যাতে সব অভিবাসী—তাদের স্ট্যাটাস যাই হোক না কেন—প্রয়োজনীয় সিটি সেবা পেতে পারে।<br><br>সিটি প্রশাসনকে বিদ্যমান নীতিগুলো শক্তিশালী করতে এবং বাধাগুলো দূর করতে হবে, যেমন:<br>◦ শিশু যত্ন ভর্তুকি পাওয়ার সুযোগ বাড়ানো<br>◦ Toronto Public Health এবং কমিউনিটি ক্লিনিকের সেবা ও সক্ষমতা বাড়ানো, যাতে আরও বেশি মানুষ স্বাস্থ্যসেবা পায়<br>◦ অভিবাসীদের জন্য সাশ্রয়ী সামাজিক আবাসন পাওয়ার সুযোগ বাড়ানো<br><br>• ইমিগ্রেশন আটক ও বহিষ্কার বিষয়ে সিটি সেবা (যেমন Toronto Police Services ও Toronto District School Board) এবং ফেডারেল কর্তৃপক্ষের মধ্যে যেকোনো সহযোগিতা ও তথ্য আদান-প্রদান বন্ধ করতে হবে।<br><br>• আবাসন ও অন্যান্য সামাজিক সংকট মোকাবিলায় অন্যান্য সিটি ও সরকারের বিভিন্ন স্তরের সাথে মিলিতভাবে কার্যকর পদক্ষেপ নেওয়ার জন্য জোর দিতে হবে। | • যেসব অভিবাসীর স্বাস্থ্যবিমা নেই কিন্তু তারা অন্তত ৩ মাস ধরে অন্টারিওতে বসবাস করছেন, তাদের জন্য OHIP কভারেজ বাড়াতে হবে। এর মধ্যে রয়েছে:<br>◦ আন্তর্জাতিক শিক্ষার্থী ও পোস্ট-গ্র্যাড শিক্ষার্থী<br>◦ শরণার্থী আবেদনকারী<br>◦ অস্থায়ী বিদেশি শ্রমিক<br>◦ যাদের স্ট্যাটাস নেই বা পরিবর্তনের মধ্যে আছে<br><br>• সব OW ও ODSP গ্রহণকারীদের জন্য সামাজিক সহায়তার পরিমাণ বাড়াতে হবে এবং ক্ল-ব্যাক (কাটতি) বন্ধ করতে হবে।<br><br>• Legal Aid Ontario-এর জন্য অর্থায়ন বাড়াতে হবে এবং ইমিগ্রেশন ও পারিবারিক আইন সংক্রান্ত সেবাগুলো আরও বিস্তৃত করতে হবে।<br><br>• আবাসন সংকট মোকাবিলায় ডেভেলপারদের অর্থ দেওয়ার পরিবর্তে, দ্রুত সরকারি অর্থ দিয়ে সাশ্রয়ী ও সামাজিক আবাসন তৈরি করতে হবে।<br><br>• ইমিগ্রেশন আটক ও বহিষ্কার সংক্রান্ত বিষয়ে প্রাদেশিক সংস্থা (যেমন Employment and Social Services অফিস) এবং ফেডারেল কর্তৃপক্ষের মধ্যে তথ্য আদান-প্রদান বন্ধ করতে হবে। | • Bill C-12-এর মাধ্যমে প্রস্তাবিত অগণতান্ত্রিক ইমিগ্রেশন পরিবর্তনগুলো বাতিল করতে হবে<br><br>• সবার জন্য স্ট্যাটাস' প্রতিশ্রুতি বাস্তবায়ন করতে হবে – যাতে কানাডায় জীবন গড়ে তোলা এবং কাজ করা হাজার হাজার অভিবাসীর জন্য নিয়মিত স্ট্যাটাস পাওয়ার সুযোগ বাড়ানো হয়।<br><br>• Interim Federal Healthcare Program-এ নতুন প্রস্তাবিত ৪% কো-পে (অংশমূল্য) বাতিল করতে হবে<br><br>• শুনানির জট কমাতে এবং অভিবাসী সেবার অর্থের ঘাটতি দূর করতে IRCC-এর বাজেট বাড়াতে হবে<br><br>• ইমিগ্রেশন আটক প্রথা বন্ধ করতে হবে, কারণ এটি বারবার অভিবাসীদের অধিকার ক্ষতিগ্রস্ত করে বলে প্রমাণিত হয়েছে |